

(প্রেস বিজ্ঞপ্তি)

১০ আগস্ট ২০২২ খ্রি.

জাতির পিতার প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা নিবেদনকালে চসিক মেয়র রেজাউল করিম চৌধুরী

প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার আস্থা ও বিশ্বাসের মর্যাদা রক্ষায় সর্বদা সচেষ্টি থাকবো

ধানমন্ডির বত্রিশ নম্বরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা নিবেদন করলেন বাংলাদেশ সরকারের সদ্য প্রতিমন্ত্রী পদমর্যাদা প্রাপ্ত চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের জ্যেষ্ঠ যুগ্ম সাধারণ সম্পাদক চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। গতকাল মঙ্গলবার সকালে চসিক মেয়র রেজাউল করিম চৌধুরী ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সহ-সভাপতি এডভোকেট ইব্রাহিম হোসেন চৌধুরী বাবুল, আলহাজ্ব খোরশেদ আলম সুজন, সিডিএ চেয়ারম্যান এম. জহিরুল আলম দোভাষ, আলহাজ্ব আলতাফ হোসেন চৌধুরী বাচ্চু, যুগ্ম সাধারণ সম্পাদক আলহাজ্ব বদিউল আলম, কোষাধ্যক্ষ ও চট্টগ্রাম সাবেক চেয়ারম্যান আবদুচ ছালাম ধানমন্ডির বত্রিশ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে ফুলেল শ্রদ্ধা নিবেদন করেন।

শ্রদ্ধা নিবেদনকালে মেয়র বলেন, চট্টগ্রামের মানুষের দীর্ঘদিনের আক্ষেপ ছিল। আজ তা ঘুছিয়ে দিয়েছেন জননেত্রী বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এজন্য আমি প্রধানমন্ত্রীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। একই সাথে জাতির পিতা বঙ্গবন্ধুসহ ৭৫'র ১৫ আগস্ট কালরাত্রিতে ঘাতকের নগ্ন হামলায় শাহাদাৎবরণকারী বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিবসহ পরিবারের সকল শহীদদের জানাই বিনম্র শ্রদ্ধা।

মেয়র রেজাউল করিম চৌধুরী তাঁর অভিবক্তির ব্যক্ত করতে গিয়ে আরো বলেন, চট্টগ্রাম দেশের দ্বিতীয় বৃহত্তম নগরী, বাণিজ্যিক রাজধানী এবং দেশের অর্থনীতির স্বর্ণদ্বার। এ নগরীতে বাস করেন প্রায় এক কোটি মানুষ। আমার রাজনৈতিক সংগঠন আওয়ামী লীগের সভাপতি ও প্রধানমন্ত্রী শেখ হাসিনাসহ উর্দ্ধতন নেতৃবৃন্দ আমাকে চসিক নির্বাচনে মেয়র পদে মনোনয়ন দিয়েছেন এবং দলের নেতাকর্মীদের অক্লান্ত পরিশ্রম, স্বাধীনতার স্বপ্নের সকল রাজনৈতিক ও সামাজিক সংগঠনের অকুণ্ঠ সমর্থন ও নগরবাসীর প্রতক্ষ্য ভোটে আমাকে তাঁরা মেয়র নির্বাচিত করেন। তিনি আরো বলেন, আমি ছাত্রাবস্থা থেকে অদ্যাবধি আমার দীর্ঘ রাজনৈতিক জীবনে এবং মেয়র পদে দায়িত্ব পালন করতে গিয়ে নৈতিকতার প্রশ্নে কখনোই আপোষ করিনি। দেশের প্রয়োজনে মুক্তি সংগ্রাম ও মহান মুক্তিযুদ্ধে সম্মুখ সমরে প্রাণপন লড়াই করেছি। তাই আমি মনে করি, নেত্রী আমার উপর আস্থা রেখেছেন এবং প্রতিমন্ত্রীর মর্যাদা ফিরিয়ে দিয়ে আমার মাধ্যমে চট্টগ্রামবাসীকে তাদের যোগ্য মর্যাদা দিয়েছেন। এ জন্য চট্টগ্রামবাসী ও আমার ব্যক্তিগত পক্ষ থেকে প্রধানমন্ত্রী ও মন্ত্রী পরিষদের সদস্যদের প্রতি আবারও কৃতজ্ঞতা জানাচ্ছি এবং আমার উপর নেত্রীর বিশ্বাস ও আস্থার মর্যাদা রাখতে চট্টগ্রামের সকল শ্রেণি পেশার মানুষকে নিয়ে নিষ্ঠার সাথে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করছি। বিশ্বমানের স্মার্ট মহানগরী গঠনে ইতিমধ্যে অনেকগুলো সমন্বিত পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। আরো অনেক পরিকল্পনা আমরা গ্রহণ করব এবং বাস্তবায়নে নিরলসভাবে কাজ করে যাব ইনশাআল্লাহ।

সিটি মেয়রের সাথে নবনিযুক্ত পুলিশ কমিশনারের সৌজন্য সাক্ষাত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী সাথে আজ বুধবার সকালে নগর ভবনে সিটি মেয়রের অফিস কক্ষে চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশের নবনিযুক্ত কমিশনার কৃষ্ণপদ রায় সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতকালে তিনি মেয়রকে ফুলেল শুভচ্ছা জানান। মেয়রও নবনিযুক্ত পুলিশ কমিশনারকে ফুলেল শুভচ্ছা জানান। শুভচ্ছা বিনিময়কালে তাঁরা চট্টগ্রামের আইনশৃংখলা পরিস্থিতি ও ট্রাফিক ব্যবস্থাপনাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। সিটি মেয়র পোর্ট কানেক্টিং রোড ও এয়ারপোর্ট রোডে অবৈধভাবে গড়ে উঠা লড়ি, কর্তাডভ্যান ও ট্রাক স্ট্যান্ড তুলে দেয়া এবং চসিকের উচ্ছেদ অভিযানে সহায়তা করার জন্য নবনিযুক্ত পুলিশ কমিশনারের প্রতি আহ্বান জানান।

সাক্ষাতকালে চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শহীদুল আলম, সচিব খালেদ মাহমুদ, সিএমপি'র অতিরিক্ত পুলিশ কমিশনার আ.স.ম মাহতাব উদ্দিন (ক্রাইম এন্ড অপারেশন), এম এ মাসুদ (প্রশাসন ও অর্থ) উপ-পুলিশ কমিশনার মো. মোখলেছুর রহমান, চসিক কাউন্সিলর শৈবাল দাশ সুমন, আবুল হাসনাত মো. বেলাল, প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম মানিক, অতি. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ুন কবির চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

চসিক ভ্রাম্যমাণ আদালত পরিচালিত

জলাবদ্ধতা নিরসনকল্পে বাকলিয়া ও আত্মবাদ এলাকায়

খাল-নালার উপর থেকে অবৈধ স্থাপনা উচ্ছেদসহ ৩৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরের জলাবদ্ধতা নিরসনকল্পে উত্তর আত্মবাদ ওয়ার্ডের বাদামতলী মোড় সংলগ্ন কেরানী বাড়ী সড়কের নালার উপর অবৈধ দখল উচ্ছেদ করে এলাকার পানি চলাচলের পথ সুগম করা হয়। অভিযানে পূর্ব বাকলিয়া ওয়ার্ডে ওয়াইয়াজার

পাড়া এলাকায় অবৈধভাবে খালের জায়গা দখল করে বিভিন্ন স্থাপনা নির্মাণ করায় এলাকায় জলবদ্ধতা সৃষ্টি করণে। উক্ত এলাকার জলাবদ্ধতা নিরসনের জন্য খালের জায়গা থেকে প্রায় ২০টি কাঁচা-পাকা স্থাপনা উচ্ছেদ করে খালের জায়গা অবৈধ দখলমুক্ত করা হয়। এই সময় রাস্তা ও খালের জায়গা দখল করে স্থাপনা নির্মাণ ও নির্মাণ সামগ্রী রেখে জনদুর্ভোগ সৃষ্টির দায়ে ৩ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ৩৫ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানে অংশ নেন সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ও আনসার ব্যাটালিয়ন সদস্যরা ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮-২৪-৪৭৭৬৯৩